# ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন - ২০২৩

বাংলা

পত্র - বি এন জি ৪০১

(বাংলা সাহিত্যের রূপান্তর, পাঠান্তর, অনুবাদ সাহিত্য প্রেরণা)

পূর্ণমান — ৪০

সময় — ২ ঘন্টা

## বিভাগ - 'ক'

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১. 'আমার দুই বিবাহ—' কার দুই বিবাহ? সে কাদের, কেন বিবাহ করেছিল?

২. লবঙ্গলতার পিতৃদত্ত নাম কী ছিল? তার স্বামীর নাম কী এবং তিনি লবঙ্গলতাকে কী বলে ডাকতেন?

৩. কালিদাসের 'মেঘদূত' কাব্যের প্রথম শ্লোকটির অর্থ লেখো।

৪. "তস্মিন্নদ্রৌ কতিচিদবলাবিপ্রযুক্তঃ স কামী
নীত্বা মাসান্ কনকবলয়ভ্রংশরিক্তপ্রকোষ্ঠঃ' ।— 'কনকবলয়ভ্রংশরিক্তপ্রকোষ্ঠঃ' শব্দের মধ্য দিয়ে কবি কী বুঝিয়েছেন?

৫. মহাভারতের বিষয়বস্তুকে অবলম্বন করে রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দু'টি নাট্যকাব্যের নাম লেখো।

৬. রবীন্দ্রনাথ ঠাকুরের 'নিশীথে' গল্প এবং জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতার ওপর এডগার অ্যালান পো-র যথাক্রমে কোন গল্প ও কবিতার ছায়া পড়েছে বলে সমালোচকেরা মনে করেন?

## বিভাগ - 'খ'

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

৭. গ্রন্থাকারে প্রকাশের সময় 'রজনী' উপন্যাসের কাহিনীগত যে পরিবর্তনগুলি ঘটেছে, সংক্ষেপে সে সম্পর্কে আলোচনা করো।

৮. গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী' উপন্যাসে লবঙ্গলতা চরিত্রের যে পরিবর্তন হয়েছে, তা বিচার করো।

৯. 'মেঘনাদবধ কাব্যে'র ওপর প্রাচ্য প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১০. রবীন্দ্রসাহিত্যে রামায়ণের অনুষঙ্গ কতখানি আছে, তা আলোচনা করো।

১১. কার্তিকেয়-এর সঙ্গে মেঘের কোথায় দেখা হবে? কার্তিকেয়র সঙ্গে দেখা হলে মেঘের কী কী করণীয় বলে যক্ষ জানিয়েছে?

১২. 'নির্বিন্ধ্যা' নদীর প্রসঙ্গ 'মেঘদূত' কাব্যের 'পূর্বমেঘ' অংশে কীরূপে এসেছে?

## বিভাগ - 'গ'

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১৩. 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রকাশিত 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্র এবং গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী'র অমরনাথ চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

১৪. 'মেঘদূতে'র 'পূর্বমেঘ' অংশে উল্লিখিত উজ্জয়িনী নগরীর বর্ণনা দাও।

১৫. জীবনানন্দ দাশের ওপর ইয়েটসের অথবা জীবনানন্দ দাশের ওপর বোদলেয়ারের প্রভাব কতখানি— আলোচনা করে দেখাও।

১৬. মধুসূদন দত্তের নাটকে পাশ্চাত্য প্রভাব সম্পর্কে একটি প্রবন্ধ লেখো।

..............................................

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন - ২০২৩

বাংলা

পত্র - বি এন জি ৪০২

(প্রাচ্য সাহিত্যতত্ত্ব)

পূর্ণমান — ৪০ সময় — ২ ঘন্টা

বিভাগ - 'ক'

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১. কোন কোন স্থায়ী ভাব থেকে 'বীভৎস' এবং 'অদ্ভুত' রসের উৎপত্তি?

২. 'শৃঙ্গার' রসের অনুকূলে ব্যবহৃত সঞ্চারী ভাবগুলি উল্লেখ করো।

৩. আচার্য বিশ্বনাথের মতে দশম রস কোনটি? তার স্থায়ীভাব কী?

৪. অর্থগত গুণ কয়প্রকার ও কী কী?

৫. রবীন্দ্রনাথের কাছে শাশ্বত আধুনিকতার প্রধান বৈশিষ্ট্য কী? এই প্রসঙ্গে তিনি কোন কোন কবির দৃষ্টান্ত দিয়েছেন?

৬. 'নারীর যেমন শ্রী এবং হ্রী, সাহিত্যের অনির্বচনীয়তাটিও সেইরূপ'। —রবীন্দ্রনাথের এই উক্তি ভারতীয় সাহিত্যতত্ত্বের কোন প্রস্থানের প্রতিধ্বনি বলে মনে হয়?

বিভাগ – 'খ'

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

৭. 'সাহিত্যদর্পণ' অনুসারে হাস্যরসের বৈশিষ্ট্য আলোচনা করো।

৮. 'কাব্যের একটা গুণ এই যে, কবির সৃজন শক্তি পাঠকের সৃজন শক্তি উদ্রেক করিয়া দেয়...'—ব্যাখ্যা করো।

৯. রসাভাস কাকে বলে? হাস্যরস এবং বীররসের ক্ষেত্রে রসাভাসের উদাহরণ দাও।

১০. ঔচিত্যবাদ বিষয়ে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

১১. 'কাব্যের তাৎপর্য' প্রবন্ধে কাব্যের তাৎপর্য-বিচার সম্পর্কে রবীন্দ্রনাথের মূল বক্তব্যটি কী?

১২. 'এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আর্শি নহে'- কী কারণে সাহিত্য ঠিক প্রকৃতির দর্পণ নয় —ব্যাখ্যা করো।

বিভাগ – 'গ'

যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১৩. আচার্য বিশ্বনাথের অনুসরণে করুণরসের বিবরণ দাও। করুণরসের সঙ্গে করুণ বিপ্রলম্ভ শৃঙ্গারের পার্থক্য কোথায়?

১৪. অলঙ্কারশাস্ত্রের পরিভাষা অনুসারে রীতিপ্রস্থানের পরিচয় দাও।

১৫. বিশ্বনাথের মতে গুণ কত প্রকার ও কী কী? সংক্ষেপে আলোচনা করো।

১৬. 'এমন সৌভাগ্যবান লোকও আছেন যাঁহাদের বিস্ময় প্রেম ও কল্পনা সর্বত্র সজাগ, প্রকৃতির কক্ষে কক্ষে তাহাদের নিয়ন্ত্রণ,...' — রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব অনুসারে 'বিস্ময়', 'প্রেম' ও 'কল্পনা' এই তিনটি পারিভাষিক শব্দের সংজ্ঞা দাও এবং উদাহরণসহ তা ব্যাখ্যা করো।

.................................

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন - ২০২৩

বাংলা

পত্র - বি এন জি ৪০৩

**(পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব)**

পূর্ণমান — ৪০ সময় — ২ ঘণ্টা

## বিভাগ – 'ক'

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১. ডাওনিসাস কে ছিলেন?

২. অ্যারিস্টটলের মতে ট্র্যাজেডি ক'প্রকার ও কী কী?

৩. হোরেসের মতে নাটকের ক'টি অঙ্ক থাকে?

৪. একজন ফরাসি পোস্ট-স্ট্রাকচারালিস্টের নাম লেখো। তাঁর লেখা যে-কোনো একটি গ্রন্থের নাম লেখো।

৫. হোরেসের 'Ars Poetica'র একজন অনুবাদকের নাম লেখো। এই গ্রন্থের শুরু ও শেষে যে দু'জন শিল্পীর কথা আছে তাঁরা কোন কোন শিল্প প্রকরণের সঙ্গে যুক্ত ?

৬. শোক প্রকাশের জন্য এবং স্যাটায়ারের জন্য হোমার কোন কোন ছন্দ ব্যবহার করেছিলেন বলে হোরেস তাঁর 'Ars Poetica'—য় জানিয়েছিলেন?

## বিভাগ – 'খ'

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

৭. ফেমিনিজমের দ্বিতীয় ধারা সম্পর্কে ধারণা দাও।

৮. রোমান্টিক আন্দোলন সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দাও।

৯. ট্র্যাজিক হিরো সম্পর্কে অ্যারিস্টটল কী বলেছেন?

১০. হোরেসের বক্তব্য অনুযায়ী নাটকের চরিত্রায়ণ কীরকম হবে?

১১. কাব্য ও ইতিহাসের পার্থক্য অ্যারিস্টটল এর 'Poetics' অবলম্বনে সূত্রাকারে লেখো।

১২. মহাকাব্য ও ট্র্যাজেডির বৈসাদৃশ্যগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

## বিভাগ – 'গ'

যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১৩. ফ্রয়েড মানুষের মনকে ক'টি স্তরে ভাগ করেছিলেন এবং মানুষের মনের তিনটে অবস্থাকে কী বলে চিহ্নিত করেছিলেন?- বিস্তারিত আলোচনা করো।

১৪. গ্রিক নাটকে কোরাসের ভূমিকা কী ছিল? -বিস্তারিত আলোচনা করো।

১৫. পোস্ট-স্ট্রাকচারালিজম সম্পর্কে একটি সম্যক ধারণা দাও।

১৬. নিম্নবর্গীয়রা উচ্চবর্গীয় আধিপত্যের চাপে পড়ে নিজেদের মতো তা মোকাবিলা করার চেষ্টা করছে। — দলিত সাহিত্যও কী তার একটা উপায় আলোচনা করো।

.......................................

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন - ২০২৩

বাংলা

পত্র - বি এন জি ৪০৪

(বহির্বঙ্গীয় বাংলা সাহিত্যচর্চা ও ভাষা আন্দোলন)

পূর্ণমান — ৪০ সময় — ২ ঘন্টা

## বিভাগ - 'ক'

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১. বাহান্নর ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে লেখা দু'টি নাটকের নাম লেখো।

২. বরাকের বাংলা ভাষা আন্দোলনকে কেন্দ্র করে লেখা দু'টি কবিতার নাম লেখো।

৩. প্রকাশকালসহ অমিতাভ দেবচৌধুরীর দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪. 'বাঁশের বুকে ফুল' গল্পটি ক'বে প্রকাশিত হয়েছিল?

৫. প্রকাশকালসহ শক্তিপদ ব্রহ্মচারীর দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।

৬ বনফুলের শেষ গল্প সংকলনটির নাম কী? সংকলনটি ক'বে প্রকাশিত হয়েছিল?

## বিভাগ – 'খ'

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

৭. মানভূমের বাংলা ভাষা আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৮. বহির্বঙ্গীয় বাংলা সাহিত্যচর্চার প্রাসঙ্গিকতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৯. মীনাক্ষী সেনের 'একটি কালো টুপি ও ন্যায়বিচার' গল্পে ভারতীয় বিচার ব্যবস্থার যে কদর্যময় দিকগুলি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

১০. অরিজিৎ চৌধুরীর গল্পে অস্তিত্বের সংকটে বিপন্ন বাঙালির যে ছবি ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

১১. বনফুলের ছোটগল্পের চারটি বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।

১২. সতীনাথ ভাদুড়ীর ছোটগল্পে বিহারের আর্থ-সামাজিক প্রেক্ষাপট যেভাবে প্রতিফলিত হয়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

## বিভাগ – 'গ'

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১৩. 'ছোটগল্পের স্বল্প পরিসরে তিনি অনেক না বলা কথাকে সংকেতের মাধ্যমে বোঝাতে পেরেছেন- আর এখানেই তাঁর ছোটগল্প রচয়িতা হিসেবে সার্থকতা'।- ভীষ্মদেব ভট্টাচার্যের গল্প অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

১৪. বিহারের রাজনৈতিক প্রেক্ষাপট অবলম্বনে লেখা বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের ছোটগল্পগুলি বিশ্লেষণ করো।

১৫. বরাকের ভাষা আন্দোলনের কারণ ও পরিণতি পর্যালোচনা করো।

১৬. অরিজিৎ চৌধুরীর 'যাযাবর' গল্পে অস্তিত্বের সংকটে বিপন্ন বাঙালির অসহায়তার যে ছবি প্রতিভাত হয়েছে, তা বিশ্লেষণ করো।

..............................................

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন - ২০২৩

বাংলা

পত্র - বি এন জি ৪০৫ এফ

(বিশেষ পত্র – কথাসাহিত্য পাঠ)

সময় – ২ ঘন্টা

পূর্ণমান – ৪০

বিভাগ – 'ক'

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১. আধুনিক ছোটগল্পের সঙ্গে আখ্যায়িকার তফাৎ কী?

২. 'শ্রীকান্ত' উপন্যাসের দ্বিতীয় পর্বটি কোন পত্রিকায় কী শিরোনামে প্রথম প্রকাশিত হয়েছিল?

৩. 'হারামজাদী, তুই বাপ তুলিস্।' —কার উক্তি? 'হারামজাদা তুই জাত তুলিস্।' —কার উক্তি? এই উক্তি প্রত্যুক্তির সূত্রপাত হয়েছিল কীভাবে?

৪. 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে বর্ণিত 'হাঁসুলী বাঁক' কোথায় অবস্থিত? 'হাঁসুলী বাঁক'—এর অর্থ কী?

৫. ঐতিহাসিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

৬. নিমতেলে পানুর পরিচয় দাও।

বিভাগ – 'খ'

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

৭. একটি মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম ও তার লেখকের নাম উল্লেখ করো। উক্ত উপন্যাসটি কোন মনস্তাত্ত্বিক অভিধার উপযুক্ত বলে মনে হয়েছে তোমার, তা সূত্রাকারে লেখো।

৮. আখ্যানের অন্ত্য (Ending) ও সমাপ্তির (Closure) মধ্যে তফাৎ কী? প্যারাটেক্সট (Paratext) বলতে কী বোঝো? প্যারাটেক্সট কী একটি আখ্যানের ক্ষেত্রে আদৌ কোনো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সক্ষম? উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

৯. 'শ্রীকান্ত' উপন্যাসের দ্বিতীয় খণ্ডে, শ্রীকান্ত তার কথনে, রাজলক্ষ্মীর চরিত্রটিকে কখনো 'রাজলক্ষ্মী' কখনো 'পিয়ারী' বলে চিহ্নিত করেছে। উপন্যাসের কথকের দিক থেকে অথবা উপন্যাসের আখ্যানশিল্পের দিক থেকে এর কী কোনো গূঢ় তাৎপর্য আছে?- তোমার মত যুক্তিসহ লেখো।

১০. আঞ্চলিক উপন্যাস কাকে বলে? 'হাঁসুলী বাঁকের উপকথা'-কে কি আঞ্চলিক উপন্যাস বলা চলে?- সূত্রাকারে তোমার মতের পক্ষে অথবা বিপক্ষে যুক্তি দাও।

১১. ত্রৈলোক্যনাথের 'ডমরুচরিত' অবলম্বনে ডমরুধরের চরিত্রটি আলোচনা করো।

১২. 'ভারতবর্ষ' গল্পটির শিল্প সার্থকতা সংক্ষেপে পরিচয় দাও।

বিভাগ – 'গ'

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১৩. কাহিনীর অভ্যন্তরীণ সময় ধারণা এবং একটি আখ্যানে তার সম্ভাব্য পুনর্গঠন প্রক্রিয়াগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৪. 'শ্রীকান্ত' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের আত্মজীবনী না হয়ে কীভাবে আত্মজীবনীমূলক উপন্যাস হয়ে উঠেছে তা 'শ্রীকান্ত' উপন্যাসের দ্বিতীয় পর্ব অবলম্বনে আলোচনা করো।

১৫. 'অবতরণিকা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

১৬. 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের চালিকা-শক্তি বনমালী না করালী— উপযুক্ত যুক্তিসহ আলোচনা করো।

.................................